# যৌন নিপীড়ন বন্ধে কঠোর ব্যবস্থার দাবি শায়খ আহমাদুল্লাহর



শায়খ আহমাদুল্লাহ। ছবি: সংগৃহীত

আবাসিক মাদ্রাসাগুলোতে যৌন নিপীড়নের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা বন্ধে দ্রুত ও বাস্তবমুখী পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন শায়খ আহমাদুল্লাহ। শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি বলেন, এ ধরনের ঘটনা অস্বীকার করে সমস্যার সমাধান সম্ভব নয়।

তিনি জানান, আবাসিক প্রতিষ্ঠানে বিভিন্ন অনিয়ম দীর্ঘদিন ধরেই রয়েছে। তাই শিক্ষার্থী নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর ব্যবস্থা জরুরি। এ বিষয়ে ২০১৯ সালেও তিনি লিখিত সুপারিশ দিয়েছিলেন বলে উল্লেখ করেন।

বর্তমানে হজ সফরে থাকায় বিস্তারিত বক্তব্য দিতে পারছেন না জানিয়ে তিনি বলেন, দেশে ফিরে এ বিষয়ে সুনির্দিষ্ট পরিকল্পনা ও প্রস্তাবনা উপস্থাপন করবেন। একই সঙ্গে অপরাধী মাদ্রাসার হোক বা বাইরে—সবার বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।

ফেসবুক পোস্টে তিনি মাদ্রাসায় সিসি ক্যামেরা স্থাপন, শিক্ষকদের প্রশিক্ষণ, আবাসন ব্যবস্থায় পরিবর্তন, পৃথক খাটের ব্যবস্থা এবং মহিলা মাদ্রাসায় পুরুষ স্টাফ নিয়োগ সীমিত করার মতো কয়েকটি প্রস্তাব তুলে ধরেন।

তিনি আরও বলেন, বড় ও সুপরিচিত মাদ্রাসাগুলোতে এমন অভিযোগ তুলনামূলক কম শোনা গেলেও অনিয়ন্ত্রিত ছোট প্রতিষ্ঠানে এসব ঘটনার অভিযোগ বেশি আসে। তবে কোনো ঘটনা ঘটলে তা নিরপেক্ষ তদন্তের মাধ্যমে সত্যতা যাচাই করা প্রয়োজন বলেও মন্তব্য করেন।

এ ধরনের অভিযোগ তদন্তে কওমি মাদ্রাসা সংশ্লিষ্টদের সমন্বয়ে বিশেষ কমিশন গঠনের প্রস্তাব দেন আহমাদুল্লাহ। তার মতে, অপরাধ প্রমাণিত হলে দায়ীদের বিচারের আওতায় এনে ভবিষ্যতে কোনো প্রতিষ্ঠানে নিয়োগ ঠেকাতে ব্যবস্থা নিতে হবে। পাশাপাশি মাদ্রাসা শিক্ষাব্যবস্থার প্রতি মানুষের আস্থা ধরে রাখতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি।